

**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ**  
**আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম ।**

**অর্থস্বর্ণ আদালত আইন-২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধককৃত সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম এর ঋণ গ্রহীতা মেসার্স জুবিলী ট্রেডার্স, ১৮৮, জুবিলী রোড, পোস্ট বক্স নং-৮২০, থানা-কোতোয়ালী, জেলা-চট্টগ্রাম, এর পক্ষে মালিক: জনাব হোসেন হায়দার আলী, পিতা- মরহুম হায়দার আলী জিওয়ানী কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে । ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১/০৫/২০১৪ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ১০,৮৩,০৭,১২৫.৫৩ (দশ কোটি তিরিশ লক্ষ সাত হাজার একশত পচিশ টাকা তিনশত পয়সা মাত্র) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য আর্থহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে ।

**বন্ধকী সম্পত্তির তফসিল**

১। জিলা- চট্টগ্রাম, থানা- কোতোয়ালীর অন্তর্গত এনায়েত বাজার মৌজার, আর এস ২৭৩, ২৮৯ ও ২৭৯ নং খতিয়ানাদির আর এস ৫৭১, ৫৭১/৬৯৯, ৫৭১/৭০০ নং দাগাদির আন্দর সামিল পি.এস. ১৫৭, ১৫৮ ও ১৫৯ খতিয়ানাদির পি. এস. ২৫১, ২৫২, ২৫৩, ২৫৪, ২৫৫ ও ৫০ নং দাগাদির আন্দর সামিল বি এস ২৭২ নং খতিয়ানের বি. এস. ৮৫, ৮৬, ৮৫/১২২, ৮৫/১২৩, ৮৫/১২১ দাগাদির আন্দর ০.২৫৫০ একর বা ২৫.৫০ শতাংশ ভিটি ভূমি এবং তদুপরস্থিত দালান গৃহাদি, যাহার চৌহদ্দী-উত্তরে-নুর আলী সওদাগরের খালি জায়গা, দক্ষিণে-৩০ ফুট প্রসস্ত বাস্তা-লাভ লেইন, পূর্বে-আবুল খায়েরের টিন সেড দোকান, পশ্চিমে-বন্ধক দাতার খালি জায়গা ।

**নিলামের শর্তাবলী**

১। আগামী ২৬.০৬.১৪ ইং তারিখে বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, আগ্রাবাদ শাখা, চট্টগ্রামে রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকায় সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে ।

২। প্রত্যেক দরপত্রদাতা উদ্ধৃত দরের ১৫% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম এর অনুকূলে দরপত্রের সবহিত দাখিল করিতে হইবে ।

৩। অনূর্ধ্ব ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে । প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন ।

৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিপূর্ণ বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব আগ্রাহ্য করিতে পারিবেন ।

৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন । তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে ।

৬। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনকারী ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন ।

৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবে ।

এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম ।